## সাম্প্রতিক বছরসমূহের (বিগত ০৩ বৎসরের) প্রধান অর্জনসমূহ :

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, খুলনা বিগত ০৩(তিন) বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলা উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে।

বিগত তিন অর্থবছরে মোট ৪০৭টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৩১,৪৭৫ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত ২০১৯-২০২০ অর্থ বছরে ২,১২৬টি, ২০২০-২০২১ অর্থ বছরে ২,১৩৯টি ও ২০২১-২০২২ অর্থ বছরে ২,১০৩টি সমবায়ের নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ১,৫০০ জন সমবায়ী (পুরুষ) ও ১,০০০ জন সমবায়ী (মহিলা) কে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৪,৫০০ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

'সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প', 'ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প' এর আওতায় সৃষ্ঠ আবর্তক তহবিল হতে ৪৮ জন সমবায়ী উদ্যোক্তাকে ঋণ প্রদান করা হয়েছে। এ বিভাগে 'দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ৪৩৭ জন ও 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ৪৫২ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। নৃতাত্ত্বিক জনগোষ্ঠি (বেদে, হিজড়া, দলিত সম্প্রদায়) সমবায়ের মাধ্যমে উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে এ জেলা সমবায় কার্যালয়, খুলনা তাদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং চাহিদার ভিত্তিতে সমবায় সমিতি গঠনের প্রচেষ্টা চলছে।।

এছাড়াও 'রূপকল্প ২০৪১', 'এসডিজি' অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩(তিন) বছরে ৩,০০০ জন এবং বর্তমান বছর পর্যন্ত ১,১৫০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

## ২০২৬-২০২৭অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- শতভাগ সমিতির নিবন্ধন আবেদন নিস্পত্তিসহ ১০টি উৎপাদনমুখী ও ০৫টি মডেল সমবায় গঠন করা হবে;
- ১০০% সমবায় এর পরিদর্শন এবং শতভাগ কার্যকর সমবায় এর নিরীক্ষা সম্পাদন করা হবে;
- ৫৫০ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ১০০% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত কার্যকর সমবায় এর মধ্যে ৯০% এর এজিএম আয়োজন এবং ৩১ আগষ্ট ২০২৩ এর মধ্যে ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।